

সোনার বাংলায় মুজিব
বর্ষে
সমাজকল্যাণ এগিয়ে
চলে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজ সেবা কার্যালয়, কাহারোল, দিনাজপুর
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
dss.kaharol.dinajpur.gov.bd



স্মারক নম্বর: ৪১.০১.২৭৫৬.০০০.০৬.০০২.১৯.২১৫

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮

০৯ আগস্ট ২০২১

বিষয়: ২০২১-২২ অর্থ বছরে বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা প্রত্যাশীদের অনলাইনে
আবেদন আহবান সংক্রান্ত।

সূত্র: ৪১.০১.০০০০.০০০.১৮.০০১.২১.৫৮ তারিখ: ০১.০৮.২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়িত বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা কার্যক্রমের আওতায় ভাতা প্রত্যাশী ও ভাতা প্রাপ্তির যোগ্য সকল ব্যক্তির নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। ভাতা বাস্তবায়ন নীতিমালা-২০১৩ মোতাবেক ভাতা প্রাপ্তির যোগ্য আবেদনকারীগণকে <http://mis.bhata.gov.bd/onlineApplication> এই ওয়েবসাইটে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্যপূরণপূর্বক আবেদন করতে হবে। ভাতা প্রত্যাশী ও ভাতা প্রাপ্তির যোগ্য সকল ব্যক্তিগণ অনলাইনে ইউনিয়ন ডিজিটাল সেন্টার বা অন্য কোন স্থান থেকে কিংবা অ্যান্ড্রয়েড মোবাইল থেকে আগামী ৩১ আগস্ট, ২০২১ খ্রি. তারিখের মধ্যে আবেদন করতে পারবেন। উল্লেখ্য, অনলাইন আবেদন ব্যতিত কোন ভাতাজোগী ভাতা প্রাপ্তির জন্য নির্বাচিত হবেন না।

এমতাবস্থায়, আপনার আওতাধীন ইউনিয়নে ব্যাপক প্রচারের মাধ্যমে ভাতা প্রত্যাশী ও ভাতা প্রাপ্তির যোগ্য সকল ব্যক্তিগণকে যথাসময়ে আবেদন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষ অনুরোধ করা হলো।

আবেদনের জন্য প্রয়োজনীয় শর্তসমূহ:

১. বয়স্ক ভাতার ক্ষেত্রে পুরুষের বয়স ৬৫ বা ততোধিক এবং মহিলার ক্ষেত্রে ৬২ বা ততোধিক।
২. বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা এর ক্ষেত্রে ১৮ বছর বা ততোধিক।
৩. বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা এর ক্ষেত্রে স্বামীর মৃত্যু সনদ এবং তালাকপ্রাপ্তা এর ক্ষেত্রে তালাকনামার প্রমাণাদি।
৪. নতুন এবং সচল সীম এর মোবাইল নম্বর।
৫. আবেদনপরবর্তী আবেদন এর প্রিন্টকৃত কপি এবং বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা এর ক্ষেত্রে স্বামীর মৃত্যু সনদ এবং তালাকপ্রাপ্তা এর ক্ষেত্রে তালাকনামার প্রমাণাদিসহ উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা দিতে হবে।

৯-৮-২০২১

রাজীব কুমার বাগচী

উপজেলা সমাজসেবা অফিসার

ফোন: ০১৭০৮-৪১৫১০৪

ইমেইল: usso.kaharole@dss.gov.bd

চেয়ারম্যান/মেম্বর, ইউনিয়ন পরিষদ (সকল), কাহারোল,
দিনাজপুর।

স্মারক নম্বর: ৪১.০১.২৭৫৬.০০০.০৬.০০২.১৯.২১৫/১

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮

০৯ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, দিনাজপুর।
- ২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল, দিনাজপুর।

- ৪) সহকারী পরিচালক, প্রশাসন ও অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, দিনাজপুর।
৫) অফিস কপি।



৯-৮-২০২১

রাজীব কুমার বাগ্চী
উপজেলা সমাজসেবা অফিসার